"বাংলাদেশ বোর্ড অব ইউনানী এন্ড আয়ুর্বেদিক সিস্টেমস অব মেডিসিন কর্তৃক বেসরকারি ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজ ও হাসপাতাল এর অবকাঠামো ও অন্যান্য উন্নয়ন খাতে অনুদান প্রদান নীতিমালা, ২০২৬"(খসড়া)

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এর অধীনে বাংলাদেশ বোর্ড অব ইউনানী এন্ড আয়ুর্বেদিক সিস্টেমস অব মেডিসিন এর অনুকূলে রাজস্ব বাজেটের আওতায় বরাদ্দকৃত অর্থ বেসরকারি ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজ ও হাসপাতালসমূহের অবকাঠামো ও অন্যান্য উন্নয়নকল্পে সরকারি অনুদান সুষ্ঠুভাবে বিতরণের লক্ষ্যে নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করা হলো:

১। শিরোনাম: এই নীতিমালা বাংলাদেশ বোর্ড অব ইউনানী এন্ড আয়ুর্বেদিক সিস্টেমস অব মেডিসিন কর্তৃক বেসরকারি ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজ ও হাসপাতাল এর অবকাঠামো ও অন্যান্য উন্নয়ন খাতে অনুদান প্রদান নীতিমালা, ২০২৬ নামে অবহিত হবে।

২। পরিধি: এই নীতিমালা বেসরকারি ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজ ও হাসপাতাল এর পন্য ও সেবা বাবদ সহায়তা কোডে বরাদ্দের ক্ষেত্রে অনুসৃত হবে।

৩। সংজ্ঞা:

ক) 'বোর্ড' অর্থ বাংলাদেশ বোর্ড অব ইউনানী এন্ড আয়ুর্বেদিক সিস্টেমস অব মেডিসিন।

খ) 'বেসরকারি ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজ' অর্থ বাংলাদেশ সরকার কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত বেসরকারি ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজ ও হাসপাতাল।

গ) 'অনগ্রসর এলাকা' অর্থ মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রকাশিত ফেব্রুয়ারি ১৯,২০১৯ তারিখে প্রকাশিত প্রজ্ঞাপন অনুযায়ী তালিকা।

ঘ) 'কর্তৃপক্ষ' অর্থ স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।

ঙ) 'অবকাঠামো' অর্থ নীতিমালার ৪(i) এ বর্ণিত ক্ষেত্র সমূহ।

চ) 'অধ্যাদেশ' অর্থ The Bangladesh Unani and Ayurvedic Practitioners Ordinance, 1983

ছ) 'কলেজ স্থাপন নীতিমালা' অর্থ বেসরকারি পর্যায়ে ইউনানী/ আয়ুর্বেদিক কলেজ (ডিপ্লোমা) স্থাপনের নীতিমালা ২০০৪ ।

৪। অনুদান প্রাপ্তির ক্ষেত্র ও যোগ্যতাসমূহ:

(i) ক্ষেত্র :

বেসরকারি ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজ ও হাসপাতাল এর ভবন নির্মাণ, মেরামত ও সংস্কার, শ্রেণিকক্ষ আধুনিকীকরণ, আসবাবপত্র তৈরি/ক্রয়, দাতব্য চিকিৎসালয়ের বেড এর ব্যবস্থা গ্রহণ, ল্যাবরেটরির সরঞ্জাম ক্রয়/স্থাপন, আধুনিক প্যাথলজিক্যাল ল্যাব স্থাপন, আধুনিক যন্ত্রপাতি (সরঞ্জাম) ক্রয়/স্থাপন এবং পাঠাগারের (লাইব্রেরি) উন্নয়ন।

(ii) যোগ্যতা :

(ক) প্রতিষ্ঠান এর অনুদান প্রাপ্তির ক্ষেত্রে কলেজ স্থাপন নীতিমালায় উল্লেখিত নিজস্ব জমি এবং অবকাঠামো থাকতে হবে। অনুদান প্রাপ্ত অর্থ ভবন নির্মান, সংস্কার এবং সম্প্রসারণের ক্ষেত্রে ব্যয় করা হলে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক নকশা অনুমোদিত হতে হবে।

(খ) প্রতিষ্ঠান এর অনুকূলে অনুদান প্রদানের নিমিত্ত বাছাইয়ের ক্ষেত্রে অনগ্রসর এলাকার শিক্ষা প্রতিষ্ঠান, মোট শিক্ষার্থীর সংখ্যা, ছাত্র শিক্ষক অনুপাত বিবেচনায় অগ্রাধিকার প্রদান করতে হবে।

(গ) গঠনতন্ত্র অনুযায়ী কলেজের ম্যানেজিং কমিটি হালনাগাদকৃত থাকতে হবে। প্রতিষ্ঠান এর ম্যানেজিং কমিটির বছরে কমপক্ষে ৩(তিন)টি সভা অনুষ্ঠিত হতে হবে এবং উক্ত সভার কার্যবিবরণী আবশ্যিক ভাবে বোর্ডে প্রেরণ করতে হবে।

(ঘ) প্রতিষ্ঠানসমূহের বার্ষিক অডিট রিপোর্ট ও আয়-ব্যয় হিসাব কলেজ ম্যানেজিং কমিটির প্রতিস্বাক্ষর ও অনুমোদনক্রমে আবশ্যিকভাবে বোর্ডে প্রেরণ করতে হবে।

(ঙ) আর্থিক সহায়তা প্রদানের ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠানের চাহিদা এবং প্রয়োজনে পরিদর্শন কমিটি গঠন ও প্রেরণপূর্বক প্রদত্ত মতামতের ভিত্তিতে কার্যক্রম গ্রহণ করা হবে।

(চ) উন্নয়ন কার্যক্রমে কাউন্সিল হতে প্রদত্ত অর্থের কমপক্ষে এক-তৃতীয়াংশ পরিমান অর্থ প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে ব্যয় করতে হবে।

(ছ) আবেদন পত্রের সাথে অভ্যন্তরীণ অডিট রিপোর্ট সহ আয়-ব্যায়ের বিবরণ দাখিল করতে হবে।

CamScanner

(জ) অন্যান্য উৎস হতে প্রাপ্ত অনুদানের বিবরণ দাখিল করতে হবে।

(ঝ) ইতোঃপূর্ব অর্থ বছরে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় হতে প্রাপ্ত অনুদানের ব্যয় বিবরনী এবং সম্পাদিত কাজের স্থিরচিত্র দাখিল করতে হবে।

(ঞ) কোন প্রতিষ্ঠান অনুদান প্রাপ্ত অর্থের সন্তোষজনক ব্যবহার নিশ্চিত করতে না পারলে, পরবর্তীতে সেই প্রতিষ্ঠান অনুদানের জন্য বিবেচিত হবেনা।

(ট) কলেজের স্বীকৃতি হালনাগাদ নবায়নকৃত থাকতে হবে।

(ঠ) কলেজের শিক্ষা কার্যক্রম সন্তোষজনক পর্যায়ে অর্থাৎশিক্ষার্থীদের ক্লাসে উপস্থিতির হার কমপক্ষে ৭৫% (পঁচাত্তর শতাংশ) এবং চুড়ান্ত পরীক্ষায় কলেজের পাশের হার কমপক্ষে ৮০% (আশি শতাংশ) থাকতে হবে।

(ড) বহিঃবিভাগীয় দাতব্য চিকি সা ব্যবস্থা যথাযথভাবে কার্যকর থাকতে হবে এবং কার্যক্রমের বিবরন প্রতি ০৩ (তিন) মাস অন্তর নিয়মিতভাবে বোর্ডে প্রেরণের প্রমাণক থাকতে হবে।

৫। আবেদন প্রেরণ, গ্রহণ এবং যাচাই-বাছাই প্রক্রিয়া:

ক) বাজেট প্রাপ্তি সাপেক্ষে বেসরকারি ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজ ও হাসপাতাল থেকে আবেদন আহবান করে বিজ্ঞপ্তি জারি করতে হবে। বিজ্ঞপ্তির কপি বাংলাদেশ বোর্ড অব ইউনানী এন্ড আয়ুর্বেদিক সিস্টেমস অব মেডিসিন, ঢাকা এর ওয়েবসাইট এ প্রকাশ করতে হবে, জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ন এবং বেসরকারি ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজ ও হাসপাতালের ম্যানেজিং কমিটির সভাপতি ও অধ্যক্ষ কে প্রেরণ করতে হবে।

খ) অনলাইনে অথবা সরাসরি বাংলাদেশ বোর্ড অব ইউনানী এন্ড আয়ুর্বেদিক সিস্টেমস অব মেডিসিন আবেদন গ্রহণ করা হবে।

গ) নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে অথবা সরাসরি প্রাপ্ত আবেদনসমূহ বাংলাদেশ বোর্ড অব ইউনানী এন্ড আয়ুর্বেদিক সিস্টেমস অব মেডিসিন এর বোর্ড কর্তৃক যাচাই-বাছাই পূর্বক অনুদানের জন্য নির্বাচিত বেসরকারি ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজ ও হাসপাতাল এর তালিকা চূড়ান্ত করে কর্তৃপক্ষের অনুমোদনের নিমিত্ত পেশ করবে।

৬। অর্থ ব্যয়ের পদ্ধতি ও শর্তাদি:

(ক) বরাদ্দ পাওয়া বেসরকারি ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজ ও হাসপাতালের ক্ষেত্রে গভর্নিং বডি/ ম্যানেজিং কমিটির সভায় আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের মাধ্যমে প্রাপ্ত অর্থ পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫ অনুসরণ করে ব্যয় করতে হবে।

(খ) অর্থ ব্যয়ের ১ (এক) মাসের মধ্যে সম্পাদিত কাজের স্থিরচিত্র, অর্থ ব্যয়ের বিল ভাউচার এর সত্যায়িত (গভর্নিং বডি/ম্যানেজিং কমিটির সভাপতি ও অধ্যক্ষ কর্তৃক) কপি এবং গভর্নিং বডি/ম্যানেজিং কমিটির কার্যবিবরণী সহ প্রতিবেদন বাংলাদেশ বোর্ড অব ইউনানী এন্ড আয়ুর্বেদিক সিস্টেমস অব মেডিসিন, ঢাকায় প্রেরণ নিশ্চিত করতে হবে। নির্ধারিত সময়ে প্রতিবেদন দিতে ব্যর্থ হলে উক্ত হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতাল ভবিষ্যতে আর্থিক অনুদান পাওয়ার অযোগ্য বলে বিবেচিত হবে। প্রাপ্ত প্রতিবেদনে কোন অসঙ্গতি পরিলক্ষিত হলে বাংলাদেশ বোর্ড অব ইউনানী এন্ড আয়ুর্বেদিক সিস্টেমস অব মেডিসিন প্রয়োজনে সরেজমিন পরিদর্শনের জন্য পরিদর্শন টিম প্রেরণ করতে পারবেন।

(গ) বাংলাদেশ বোর্ড অব ইউনানী এন্ড আয়ুর্বেদিক সিস্টেমস অব মেডিসিন কর্তৃক উন্নয়ন কার্যক্রম টি প্রয়োজনে প্রতিটি স্তরে মনিটরিং করতে পারবে।

(ঘ) উক্ত অর্থ ব্যয়ের ক্ষেত্রে কোনো প্রকারের অনিয়ম/অব্যবস্থাপনার প্রমাণ পাওয়া গেলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(ঙ) বেসরকারি ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজ ও হাসপাতালে বরাদ্দকৃত অর্থ প্রতিষ্ঠানের নামে ক্রসড চেকের মাধ্যমে প্রদান করা হবে।

(চ) বরাদ্দকৃত অর্থের ব্যয় বিবরণী প্রতি বছর ৩১ জুলাই এর মধ্যে কাউন্সিল এ প্রেরণ করতে হবে।

৭। আবেদন/সুপারিশ অর্থ প্রাপ্তির অধিকার হিসাবে গণ্য করা যাবে না।

২৩/০৮/২০২৫

Rahela Rahmat Ullah
Deputy Secretary
Medical Education and Family Welfare Division
Ministry Of Health and Family welfare

২৩.৮.২৫

Nasrin Sultana
Joint Secretary
Medical Education and Family Welfare Division
Ministry of Health and Family Welfare
Govt. of the People's Republic of Bangladesh

CamScanner